

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি দপ্তর

\*\*\*\*\*

স-৪৫৪৫(আগরতলা ১১১)  
মোহনপুর, ১১ জানুয়ারি, ২০২৪

**মোহনপুরে প্রজাতন্ত্র দিবস উদযাপনের প্রস্তুতি**

যথাযোগ্য মর্যাদায় আগামী ২৬ জানুয়ারি মোহনপুর মহকুমা ভিত্তিক ৭৫তম প্রজাতন্ত্র দিবস উদযাপন করা হবে। এ উপলক্ষে গতকাল মোহনপুর মহকুমা শাসক কার্যালয়ের কনফারেন্স হলে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মোহনপুর মহকুমার অতিরিক্ত মহকুমা শাসক দেবব্যানী চৌধুরী। সভায় উপস্থিত ছিলেন মোহনপুর মহকুমা পুলিশ আধিকারিক বিজয় সেন, মোহনপুর মহকুমা শাসক কার্যালয়ের ডিসিগণ এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। সভায় সিদ্ধান্ত নেওয়া হয়, আগামী ২৬ জানুয়ারি মোহনপুর দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মধ্যে সকাল ৯টায় জাতীয় পতাকা উত্তোলন করা হবে। ২৬ জানুয়ারি বিভিন্ন প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র ও প্রোটেকটিভ হোমের মাঠে ফল ও মিষ্টি বিতরণ করা হবে। ২৬ জানুয়ারি এক প্রীতি ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত হবে। এছাড়া আয়োজিত হবে সাংস্কৃতিক অনুষ্ঠান।

\*\*\*\*\*